

ঢাকা ভার্জিটি প্রো-ভিসির
পদত্যাগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর শহিদ উদ্দিন আহমেদ মাকিন যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয়ে 'ভিজিটিং প্রফেসর' হিসাবে যোগ-
(৮ম পৃ: ৩০)

পদত্যাগ

(৩য় পৃ: পর)

দানের উদ্দেশ্যে প্রো-ভিসি পদ হইতে পদত্যাগ করিয়াছেন। যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ে একটি সেমিষ্টারের জন্য তিনি ভিজিটিং প্রফেসর হিসাবে যোগ দিতেছেন। আগামী ৫ই এপ্রিল প্রফেসর শহিদ উদ্দিনের প্রোভিসির পদের মেয়াদ শেষ হওয়ার ৩ মাস পূর্বে তিনি পদত্যাগ করিলেন। ১৯৯৫ সালের ৫ই এপ্রিল ৪ বছরের জন্য তিনি নিয়োগ লাভ করেন।

চ্যান্সেলর প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমেদ গত ১লা জানুয়ারী তাহার পদত্যাগপত্র গ্রহণ করেন। প্রফেসর শহিদ উদ্দিন আহমেদ গত সোমবার বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগে তাহার কর্মস্থলে যোগ দেন এবং উহার পর পরই আগামী ৪ মাসের জন্য ছুটি নেন।

নতুন প্রোভিসি কে হইতেছেন তাহা নিয়ন্ত্রণা-কল্পনা চলিতেছে। শিঘ্রই নয়া প্রোভিসি নিয়োগ দেওয়া হইবে বলিয়া জানা যায়।